দৈনিক বাংলা

তারিখ 21 JAN 1994
পৃষ্ঠা ২ কলাম ৪

30

# করটিয়া কলেজের প্রিন্সিপাল প্রহৃত : শিক্ষক ধর্মঘট

নিজস্ব সংবাদদাতা : টাঙ্গাইল, ২০ জানুয়ারী।—প্রিন্সিপালকে প্রহার ও অফিস ভাংচুরের প্রতিবাদে আজ থেকে করটিয়া সাদৎ বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালন শুরু করেছেন। শুধুমাত্র মাষ্টার্স, অনার্স এবং ডিগ্রী পরীক্ষাসমূহ বিশেষ ব্যবস্থায় পরিচালিত হচ্ছে।

গত মঙ্গলবার বিরপুষিয়া গ্রামের আব্দুল আজীজ নামে একজন ছাত্রকে কলেজে পুনঃ ভর্তি না করার সিদ্ধান্তের প্রতিবাদে একদল সশস্ত্র যুবক প্রিন্সিপালকে মারধর ও ভাংচুর করে। কলেজের শিক্ষক পরিষদ ঘটনার সুষ্ঠু তদন্ত ও অপরাধীদের বিচার না হওয়া পর্যন্ত কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এই অবাঞ্ছিত ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে কলেজ শাখা ছাত্রদল এক বিবৃতি দিয়েছে।